

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

স্মারক নং-৩৯.০০.০০০০.০০২.১৬.০৭৪.১৭-২৩০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৪
১০ আগস্ট ২০১৭**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.৫৬.০৭৫.০২৭.০০.০০৫.২০১২ (অংশ-১)-৭৭ তারিখ: ৪ মে, ২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৩০ এপ্রিল ২০১৪ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত সানুগ্রহ নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (নির্ধারিত ছক-২ অনুযায়ী) নির্দেশক্রমে নিম্নে প্রদত্ত হলো:

১	২	৩	৪	৫
ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি বিস্তারিত লিখতে হবে (যেমন ডিপিপি প্রণয়ন হচ্ছে/আংশিক বাস্তবায়নাধীন/ প্রাথমিক উদ্যোগ গৃহীত/স্টেডার আহবান করা হয়েছে ইত্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখ অথবা বাস্তবায়িত হলে তা লিখতে হবে)	নির্দেশনা বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা (যদি থাকে)	মন্তব্য
ক	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বিদ্যমান পুরাতন এবং উর্ধ্বমুখী সম্প্রসারণের অনুপযোগী ভবন অপসারণ করে একটি আধুনিক, মানসম্মত ও দৃষ্টিনন্দন ভবন নির্মাণ করে বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন করতে হবে;	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক আধুনিক, মানসম্মত ও দৃষ্টিনন্দন ভবনসহ বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপনের লক্ষ্যে নিম্নোক্ত মাইলস্টোন ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে: মাইলস্টোন-১: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক আধুনিক, মানসম্মত ও দৃষ্টিনন্দন ভবনসহ বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপনের লক্ষ্যে একটি স্টাডি প্রজেক্ট (সমীক্ষা প্রকল্প) হাতে নেয়া হয়। প্রকল্পের আওতায় মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নেতৃত্বে জার্মানি ও দক্ষিণ কোরিয়ায় স্টাডি টুর সম্পন্ন হয়। স্টাডি টুর হতে লক্ষ্য অভিজ্ঞতার ভিত্তিতে এবং বিজ্ঞান জাদুঘর নির্মাণের জন্য সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটির ডিপিপি'র ওপর গত ৩০/৭/২০১৭ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে। মাইলস্টোন -২: স্টাডি প্রকল্পের মাধ্যমে প্রণীত ডিপিপি অনুযায়ী পরবর্তী ৩ বছরের মধ্যে বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মূল অবকাঠামো নির্মাণ সম্পন্ন করা হবে।		
খ	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার বিভাগীয় পর্যায়ে সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে;	রাজশাহী বিভাগে নভোথিয়েটার স্থাপনের নিমিত্ত রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট থেকে জমি প্রাপ্তির আশ্বাস পাওয়া গিয়েছে। প্রকল্পটি বিগত ১৬/২/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী “প্রস্তাবিত নভোথিয়েটারের নকশা ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের আদলে এবং পার্ক, রেস্তোরাঁর সংস্থান রেখে খসড়া 3D মডেল নকশা প্রণয়ন করে ১৫/২/২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী-কে দেখিয়ে চূড়ান্ত করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত সিদ্ধান্ত ও একনেক সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি সঠিকভাবে পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে ১৩/৭/২০১৭ তারিখে প্রেরণ করা হয়। চূড়ান্ত অনুমোদন পত্র জারীর পর প্রকল্পের কাজ শুরু করা হবে। বরিশালে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে গত ৪/৬/২০১৭ তারিখে যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ সংস্থায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে।		

		<p>খুলনায় নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে কারিগরী দল পরিদর্শন করেছে। জমির সহায়ক কাগজপত্র সংগ্রহের কাজ চলছে।</p> <p>রংপুরে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে সচিব মহোদয় এবং মহাপরিচালক পরিদর্শন করে স্থান নির্বাচন করেছেন।</p> <p>অন্যান্য বিভাগীয় শহরেও নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে উদ্যোগ নেয়া হয়েছে।</p>		
গ	<p>বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নভোথিয়েটার দর্শনের লক্ষ্যে এবং নভোথিয়েটার-এর কর্মকর্তা-কর্মচারীদের যাতায়াতের জন্য বিআরটিসি থেকে ভাড়া বাস সংগ্রহ করা যেতে পারে;</p>			সিদ্ধান্তটি বাস্তবায়িত
ঘ	<p>জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট এলাকায় একটি আন্তর্জাতিক মানের মেরিন অ্যাকুরিয়াম নির্মাণের উদ্যোগ নিতে হবে;</p>	<p>বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) এলাকায় একটি আন্তর্জাতিক মানের মেরিন অ্যাকুরিয়াম নির্মাণের জন্য একটি স্বতন্ত্র প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে একটি সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটির আওতায় কনসালটিং ফার্ম নিয়োগের মাধ্যমে প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের আওতায় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। নিয়োগকৃত কনসালটিং প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন এবং ডিপিপি তৈরি সম্পন্ন হয়েছে। প্রস্তুতকৃত ডিপিপি'র ওপর মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক পর্যালোচনা করা হচ্ছে। এছাড়াও উক্ত বিশ্বমানের মেরিন অ্যাকুরিয়াম স্থাপনের জন্য পিডিপিপি প্রণয়নপূর্বক বৈদেশিক সহায়তা অন্বেষণের নিমিত্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুরোধ জানানো হয়েছে।</p>		
ঙ	<p>বঙ্গবন্ধু ফেলোশিপ কর্মসূচিকে স্থায়ী করার জন্য একটি ট্রাস্ট গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।</p>	<p>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী 'বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট' গঠনের জন্য 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৫' গত ১৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে মহান জাতীয় সংসদে পাশ হয়েছে। আইনটি কার্যকরের বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে আইনের আওতায় ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে এবং ট্রাস্টের আওতায় ফেলো নির্বাচনের লক্ষ্যে আবেদন চেয়ে পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে। চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ট্রাস্টের তহবিল পাওয়া গেছে এবং ফেলো নির্বাচনসহ অন্যান্য কার্যক্রমের উদ্যোগ নেয়া হয়েছে।</p>		
চ	<p>রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের কাজ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে হবে;</p>	<p>(ক) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের কাজ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসারে যথাসময়ে সম্পাদন করার লক্ষ্যে কার্যকর মনিটরিং অব্যাহত আছে।</p> <p>(খ) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের কাজ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসারে যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে কার্যকর মনিটরিং অব্যাহত রয়েছে:</p> <p>১ম চুক্তির আওতায় শতভাগ কাজ শেষ হয়েছে;</p> <p>২য় চুক্তির আওতায় শতভাগ কাজ শেষ হয়েছে;</p> <p>৩য় চুক্তির আওতায় মোট ২১টি মাইলস্টোনের মধ্যে ১১টি মাইলস্টোনের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ১০ টি মাইলস্টোনের কাজ চলমান রয়েছে।**</p> <p>৪র্থ চুক্তির আওতায় মোট ০৪টি মাইলস্টোনের মধ্যে ৩টি মাইলস্টোনের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ১টি মাইলস্টোনের কাজ চলমান রয়েছে। এছাড়াও General Contract এর আওতায় "রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজ শুরু হয়েছে।</p>		

		<p>অন্যান্য অগ্রগতি:</p> <p>১। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে তদারকি, প্রকল্প সংশ্লিষ্ট ও কারিগরি বিষয়াদি পর্যালোচনা ও সিদ্ধান্ত প্রদানের জন্য গঠিত কারিগরি কমিটির একটি সভা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ০৯ জুলাই, ২০১৭ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।</p> <p>২। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এলাকায় গ্রীন সিটি আবাসন পল্লী নির্মাণ কাজের অগ্রগতি মনিটরিং এর জন্য সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের যৌথ সভাপতিত্বে একটি সভা গত ২৬ জুলাই ২০১৭ তারিখে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।</p> <p>৩। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের আবাসন পল্লীতে (গ্রীন সিটি) নির্মিয়মান বহুতল ভবন সমূহের নির্মাণকাজের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে সংশ্লিষ্ট সকল বিভাগ/প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত ওয়ার্কিং গ্রুপ এর আহবায়ক অতিরিক্ত সচিব (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাপতিত্বে গ্রীন সিটিতে ২২ জুলাই ২০১৭ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়।</p> <p>৪। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নাধীন “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়)” এবং “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) যথাক্রমে ৯ম এবং ২য় সভা গত ২৭ জুলাই, ২০১৭ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের সর্বশেষ অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাশান ফেডারেশনের মধ্যে ২৬/০৭/২০১৭ তারিখে স্বাক্ষরিত Inter Governmental Credit Agreement (IGCA) এর অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য ১১.৩৮ বিলিয়ন মার্কিন ডলার ঋণ সংক্রান্ত ব্যাংকিং কার্যাদি সম্পাদনের জন্য সোনালী ব্যাংক লিমিটেড এবং রাশিয়ান প্রতিসংগী Vnesheconombank এর মধ্যে গত ০৪/০৭/২০১৭ ও ২১/০৭/২০১৭ ইং তারিখে Interbank Arrangement (IBA) সম্পাদিত হয়।</p> <p>৬। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের পরিবেশগত ছাড়পত্রের জন্য পরিবেশ অধিদপ্তর বরাবর দাখিলকৃত Environment Impact Assessment প্রতিবেদনের উপর গঠিত কারিগরি কমিটির মূল্যায়ন মন্তব্য পর্যালোচনার জন্য রাশান ফেডারেশন, পরিবেশ অধিদপ্তর ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিশেষজ্ঞগণের সমন্বয়ে একটি সভা গত ২২ জুলাই, ২০১৭ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবনে (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) অনুষ্ঠিত হয়।</p> <p>৭। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প এলাকায় Construction Power সরবরাহের লক্ষ্যে পিজিসিবি ডিপোজিট ওয়ার্কের আওতায় ঈশ্বরদী গ্রীড সাব-স্টেশন হতে ১৩২ কেভি দ্বৈত সঞ্চালন লাইন ও প্রকল্প এলাকার পার্শ্বে ১৩২/১১ কেভি সাব-স্টেশনের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পিজিসিবি-এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগ ও বাপশক এর মধ্যে গত ১৮ জুলাই ২০১৭ তারিখে একটি দ্বিপাক্ষিক সভা বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবনে (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) অনুষ্ঠিত হয়।</p> <p>৮। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কার্য সম্পাদনের লক্ষ্যে স্বাক্ষরিত General Contract (GC) এর অনুকূলে ঋণপত্র খোলা (L/C), L/C টেন্ডার চূড়ান্তকরণ, Interbank Arrangement স্বাক্ষর, GC এর আওতায় Credit Utilization, প্রকল্পের আওতায় আমদানীতব্য বিভিন্ন পণ্য/সেবার জন্য এনবিআর কর্তৃক সীমিত সংখ্যক HS Code প্রদান</p>	
--	--	---	--

	<p>এক্ষেত্রে প্রয়োজনে পৃথক আইন প্রণয়ন করতে হবে।</p>	<p>সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য একটি সভা গত ১৭ জুলাই, ২০১৭ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে ঢাকাস্থ রুপপুর এনপিপি ভবনে (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) অনুষ্ঠিত হয়।</p> <p>৯। রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের টেলিযোগাযোগ অবকাঠামো নির্মাণ বিষয়ে বিটিসিএল ও বাপশক এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের অধীনে Communication System প্রতিষ্ঠা সংক্রান্ত সম্পাদিত কাজ ও ভবিষ্যতে সম্পাদিতব্য কাজের বিষয়ে আলোচনার জন্য গত ১৭ জুলাই ২০১৭ তারিখে বাপশক ও বিটিসিএল এর মধ্যে একটি দ্বিপাক্ষিক সভা বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে ঢাকাস্থ রুপপুর এনপিপি ভবনে (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) অনুষ্ঠিত হয়।</p> <p>** ৩য় চুক্তির আওতায় গত ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখে স্বাক্ষরিত ২.১ Additional Agreement এর মাধ্যমে চুক্তিমূল্য অপরিবর্তিত রেখে কাজের সুবিধার্থে মাইলস্টোনের সংখ্যা ১০ এর পরিবর্তে ২১ করা হয়েছে।</p> <p>বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত কার্যাবলি:</p> <p>১। ২৫/৭/২০১৭, Rooppur NPP-এর Design & Construction লাইসেন্স বিষয়ে Russian Federation-এ অবস্থিত VO "Safety"-এর বিশেষজ্ঞ এবং BAERA-এর বিজ্ঞানীবৃন্দের মধ্যে Video conferencing-এর মাধ্যমে PSAR Review-এর বিষয়ে মত বিনিময় করেন;</p> <p>২। Rooppur NPP-এর Design & Construction License প্রদানের লক্ষ্যে Preliminary Safety Analysis Report (PSAR) মূল্যায়ন করা হয়;</p> <p>৩। Meeting among Local, Indian and Vo "Safety" Expert on soil stabilization and flood protection dam issue of RNPP site at Westin Hotel on 3rd July 2017;</p> <p>৪। ০৪ জুলাই ২০১৭, কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান-এর নেতৃত্বে BAERA এবং Indian ও Vo "Safety" বিশেষজ্ঞদের সমন্বয়ে ১৫ সদস্যের একটি প্রতিনিধি দল Rooppur Nucler Power Project (RNPP) Site Visit;</p> <p>৫। Formal Meeting among all Local and Foreign Experts of BAERA and Bangladesh Atomic Energy Commission (BAEC) on 05 July 2017 at 10:30 am in the BAERA Committee Room to discuss unresolved issues regarding RNPP site;</p> <p>৬। Formal Meeting between BAERA and BAEC including high level Expert of both parties on 06 July 2017 at 10:30 am in the BAERA Committee Room to decide on the formal site stabilization clearance and tasks to be performed by the BAEC on site protection dam/measure;</p> <p>৭। 09/07/2017, BAERA issued Conditional approval on the site stabilization works at the Rooppur NPP Site.</p>		<p>সিদ্ধান্তটি বাস্তবায়িত</p>
--	---	--	--	--------------------------------

ছ	দেশের দক্ষিণাঞ্চলে আরও একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিতে হবে।	দেশের দক্ষিণাঞ্চলে আরো একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে নির্বাচিত তিনটি স্থান বিস্তারিত বিশ্লেষণপূর্বক সুপারিশ প্রদানের নিমিত্ত মন্ত্রণালয়ের ২৯ জুন ২০১৬ খ্রি. তারিখের নং-৩৯.০০.০০০০.০১৯.২৪.০৪৭.১৪-১২৫ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপনে কমিশনের চেয়ারম্যানের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের কারিগরী কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির একটি সভা গত ২৫/০৭/২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী কমিশনের ২২ আগস্ট ২০১৬ খ্রি. তারিখের নং-৩৯.০১.০০০০.২১৮.০৬.০০৯.১৪ সংখ্যক পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০ সেপ্টেম্বর ২০১৬ খ্রি. তারিখের নং-৩৯.০০.০০০০.০১৯.২৪.০৪৭.১৪-১৮১ সংখ্যক পত্রে দেশের দক্ষিণাঞ্চলে একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রাথমিক স্থান নির্বাচন সংক্রান্ত প্রাথমিক সমীক্ষার কার্যাবলী সম্পাদনের জন্য কমিশনের ৩১ অক্টোবর ২০১৬ খ্রি. তারিখের ৩২৮/২০১৬ সংখ্যক অফিস আদেশে গঠিত কমিটি কর্তৃক টিপিপি প্রণয়ন করা হয়েছে যা কমিশনের ০৪/০১/২০১৭ খ্রি. তারিখের নং-৩৯.০১.০০০০.২১০.৩২. ০০১.১৭-১৬৬ সংখ্যক পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এতদসংক্রান্ত বিষয়ে বিগত ২৮/০২/২০১৭ খ্রি. তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে যাচাই-বাছাই ও মূল্যায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। প্রকল্প মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সমীক্ষা প্রকল্পটি পুনর্গঠন করা হয়েছে। পুনর্গঠিত প্রস্তাবিত সমীক্ষা প্রকল্পের ০২(দুই) প্রস্ত কমিশনের ১২ জুলাই ২০১৭ তারিখের নং-৩৯.০১.০০০০.২১০.৩২.০০১.২০১৩/১০১ সংখ্যক পত্রের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।		
---	---	--	--	--

(মোঃ সাইফুল্লাহিল আজম)
উপসচিব

৯৫৪০৩৮৩

E-mail: section2@most.gov.bd

নং ৩৯.০০.০০০০.০০২.১৬.০৩৩.১১ (অংশ-১)-২২৯

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৪
০৮ আগস্ট ২০১৭

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রেরণ

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭৫.০৪৬.০০.০০.০১৯ (১) ২০১৪-১২৪ তারিখ: ৯ আগস্ট ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির তথ্য নির্ধারিত ছক মোতাবেক নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১	২	৩	৪	৫	৬
ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতির তারিখ, কোথায় বা কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি (যেমন ডিপিপি প্রণয়ন হচ্ছে/আংশিক বাস্তবায়িত/প্রাথমিক উদ্যোগ গৃহীত টেন্ডার আহ্বান করা হয়েছে ইত্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখ অথবা বাস্তবায়িত হলে তা লিখতে হবে)।	প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা/ সমস্যা (যদি থাকে)	মন্তব্য
১	কক্সবাজারে মেরিন অ্যাকুরিয়াম নির্মাণ।	০৩.০৪.১১ কক্সবাজার	বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) এলাকায় একটি আন্তর্জাতিক মানের মেরিন অ্যাকুরিয়াম নির্মাণের জন্য একটি স্বতন্ত্র প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে একটি সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটির আওতায় কনসালটিং ফার্ম নিয়োগের মাধ্যমে প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের আওতায় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। নিয়োগকৃত কনসালটিং প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন এবং ডিপিপি তৈরি সম্পন্ন হয়েছে। প্রস্তুতকৃত ডিপিপি'র ওপর মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক পর্যালোচনা করা হচ্ছে। এছাড়াও উক্ত বিশ্বমানের মেরিন অ্যাকুরিয়াম স্থাপনের জন্য পিডিপিপি প্রণয়নপূর্বক বৈদেশিক সহায়তা অন্বেষণের নিমিত্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুরোধ জানানো হয়েছে।		

(মোঃ সাইফুল্লাহিল আজম)
উপসচিব

ফোন: ৯৫৪০৩৮৩

E-mail: section2@most.gov.bd